

5

2023

সংশ্লিষ্টক , SAMSAPTAK

Peer-Reviewed & Refereed Journal

২০২৩ , জুন

2023 , June

Vol.8, Issue- II

অষ্টম বর্ষ II দ্বিতীয় সংখ্যা

ISSN-2454-4884

পত্রিকা অধিকর্তা (Magazine Director)

প্রফেসর উৎপল মণ্ডল (উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়)

সম্পাদক (Editor)

উত্তম দাস , সহকারী অধ্যাপক , বাংলা বিভাগ

বীরভূম মহাবিদ্যালয় , সিউড়ি

সহ -সম্পাদক - অতীশচন্দ্র ভল্লা

Name of the Editorial Advisory Board

ড. প্রকাশ মাইতি (বানারস হিন্দু বিশ্ববিদ্যালয়)

ড. রীতা মোদক (বিশ্বভারতী)

ড. সুখেন বিশ্বাস (কল্যাণী বিশ্ববিদ্যালয়)

ড.সাবলু বর্মণ (কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়)

ড. পার্থসারথি মুখোপাধ্যায় (বীরভূম মহাবিদ্যালয়)

গৌতম দাস (বাকুড়া বিশ্ববিদ্যালয়)

অধ্যাপক আমিরুল খান (বীরভূম মহাবিদ্যালয়)

অধ্যাপক প্রসেনজিৎ মণ্ডল (বীরভূম মহাবিদ্যালয়)

অধ্যাপক দেবপ্রিয়া মণ্ডল (বীরভূম মহাবিদ্যালয়)

Peer Review Commlttee

তাপস সোমন (বীরভূম মহাবিদ্যালয়)

ড. রাজেন্দ্র প্রসাদ যুথার্জী (বীরভূম মহাবিদ্যালয়)

Shide Shit

তারশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কথাসাহিত্যে রূঢ় বাংলার জনজীবন ও সংস্কৃতি

শিউলী শীট

সারসংক্ষেপ -

তারশঙ্কর বন্দ্যোপাধ্যায় বাংলা কথাসাহিত্যের ধারায় একজন বিশিষ্ট কথাকার। তাঁর বিভিন্ন উপন্যাসের মধ্য দিয়ে গ্রাম জীবনের ও নগর জীবনের পরিপূর্ণ জীবন আলেখ্য উদ্ভাসিত হয়ে উঠেছে। বিশ শতকের তিরিশের দশকে; অর্থাৎ সাহিত্য সৃষ্টির প্রথম পর্যায়ে সাহিত্য-স্বীকৃতির নানান অবহেলা ও অবজ্ঞার পাশাপাশি তিনি সাহিত্য রচনায় মনোনিবেশ করেছিলেন। সাহিত্য সেবায় ব্রতী এই বিখ্যাত ঔপন্যাসিক মূলত গ্রাম বাংলার সাধারণ খেটে খাওয়া মানুষের কথা বনতেই অধিক স্বচ্ছন্দ ও সাবলীল ছিলেন। তবে এই গ্রাম জীবনে বেষ্টিত উপন্যাসগুলির পাশাপাশি তিনি নগর জীবনকেন্দ্রিক উপন্যাসও অনেক রচনা করেছেন। তবে তুলনামূলকভাবে তাঁর গ্রামকেন্দ্রিক উপন্যাসগুলিই অনেক বেশি সফল ও প্রাণবন্ত। আমাদের যা কিছু সনাতন বা শাস্ত্রত ঐতিহ্য তার কথা অতি সন্তর্পণে বেশিরভাগ ক্ষেত্রে উপাখ্যানের আকারে সাহিত্যরূপ দেবার চেষ্টা করেছেন তিনি তাঁর রচনাগুলির মাধ্যমে। অর্থাৎ তারশঙ্কর যে 'তারশঙ্কর'—তার সার্থকতার স্মারক চিহ্নগুলি নিহিত রয়েছে মূলত তাঁর গ্রামকেন্দ্রিক উপন্যাসগুলির মধ্য দিয়েই।

তারশঙ্কর বন্দ্যোপাধ্যায় গ্রাম জীবনের প্রত্যক্ষ অভিজ্ঞতার উপর মূলত ভর করেই তিনি এই পর্বের সাহিত্যক্ষেত্রে অবতীর্ণ হয়েছিলেন। অর্থাৎ গ্রামকেন্দ্রিক বলতে বোঝায়, উপন্যাসগুলির মূল প্রেক্ষাপট কোনো গ্রামকে কেন্দ্র করে গড়ে ওঠে; কিংবা এই উপন্যাসে যে ধরনের স্থানপট হিসাবে সরাসরি উঠে আসে কোনো গ্রাম বা তার সম্পূর্ণ বাস্তব জীবনচিত্রটি। বিপরীতে যে উপন্যাসগুলির স্থান ও কালপটের আবহ কোনো শহর বা মহানগরীকে কেন্দ্র করে গড়ে ওঠে তাকে নগরকেন্দ্রিক উপন্যাসের পর্যায়ে রেখে বিচার করা হয়ে থাকে; অর্থাৎ নগরকেন্দ্রিক উপন্যাসে বিষয়গত বৈচিত্র্যের কথা থাকলেও আসলে প্রকরণের সূত্রগুলি মূলত গোপনে থাকে সেই গ্রামকে ভিত্তি করে গড়ে ওঠা উপাখ্যানের মধ্যেই। তাই গ্রামকেন্দ্রিক উপন্যাসগুলির উপরই বেশি ঝোঁক আমাদের, গ্রাম জীবনের প্রত্যক্ষ অভিজ্ঞতার উপর ভিত্তি করেই তিনি এই পর্বের সাহিত্য রচনায় ব্রতী হয়েছিলেন।

মূল শব্দ -

গ্রাম, নগর, প্রাণবন্ত, সনাতন, স্মারকচিহ্ন।

মূল প্রবন্ধ -